

চুয়াডাঙ্গা সরকারি কলেজে এখনও অনার্স কোর্স চালু করা হয়নি ॥ শিক্ষক সঙ্কটের কারণে লেখাপড়া বিঘ্নিত

চুয়াডাঙ্গা থেকে মাহমুদ উদ্দিন খান : চুয়াডাঙ্গা সরকারি কলেজে 'অনার্স' কোর্স চালু করা হয়নি। ছাত্রছাত্রী, অভিভাবকসহ শিক্ষানুরাগীরা দীর্ঘদিন ধরে অনার্স কোর্স চালুর দাবিতে আন্দোলন সংগ্রাম এবং স্বাভাবিক নেতাদের প্রতিরোধিত কোনটিই বাস্তব রূপ মেলেনি। এতে জেলার বহু কৃষী ছাত্রছাত্রী উচ্চ শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। কলেজে শিক্ষক সঙ্কটসহ নানা সমস্যায় ছাত্রছাত্রীদের পড়াশোনা মারাত্মক বিঘ্নিত হচ্ছে। উচ্চ মাধ্যমিক কলেজ হিসেবে প্রায় অনুদান দিয়ে চুয়াডাঙ্গা সরকারি কলেজটিতে স্নাতক শ্রেণীর বিজ্ঞান বিভাগের ব্যয়ভার বহন করা হচ্ছে। চুয়াডাঙ্গা সরকারি কলেজটিকে বিজ্ঞান বিভাগের স্নাতক শ্রেণীর সুযোগ-সুবিধা প্রদানসহ অনার্স কোর্স চালুর সরকারি ঘোষণা এখন জেলাবাসির সম্মুখে দাবিতে পরিণত হয়েছে। এছাড়াও কলেজটিতে শিক্ষক, কর্মচারী সঙ্কটসহ ছাত্রাবাস, আসবাবপত্রের অভাবে রয়েছে। এতে ছাত্রছাত্রীদের পাঠদানও বিঘ্নিত হচ্ছে। লাইব্রেরিতে পর্যাপ্ত বই না থাকায় ছাত্রছাত্রীরা তা ব্যবহারও করতে পারছে না।

চুয়াডাঙ্গা সরকারি কলেজটি ১৯৬২ সালের ১লা আগস্ট তৎকালীন চুয়াডাঙ্গার মহকুমা প্রশাসক এসএইচ বানের উদ্যোগে স্থাপন করা হয়। ১৯৭৯ সালের ৭ই মে কলেজটিকে উচ্চ মাধ্যমিক কলেজ হিসেবে আতীতকরণ করা হয়। পর্যায়ক্রমে কলেজটিতে বিএ, বি কম শ্রেণীর স্বীকৃতি লাভ করলেও বিজ্ঞান অনুষদটি উচ্চ মাধ্যমিক পরেই রয়ে গেছে। এতে উচ্চ মাধ্যমিক অনুদান দিয়েই স্নাতক শ্রেণীর ব্যয়ভার বহন করতে হচ্ছে। বর্তমানে এ কলেজে প্রায় ২ হাজার ছাত্রছাত্রী অধ্যয়ন করছে।

চুয়াডাঙ্গা সরকারি কলেজে ৫৭ জন শিক্ষকের পদ থাকলেও কর্মরত রয়েছেন ৩৩ জন। ২৪ জন শিক্ষকের পদ শূন্য অবস্থায় রয়েছে দীর্ঘদিন ধরে। বর্তমানে ছাত্রছাত্রীদের কোন হোস্টেল নেই। এতে দূর-দুরান্তের ছাত্রছাত্রীদের অবগুণীত দুর্ভোগ পোহাতে হয়। লাইব্রেরিতে পর্যাপ্ত বই না থাকায় ছাত্রছাত্রীরা তা ব্যবহার করতে পারে না। ১৯৯৭ সাল থেকে এ কলেজে অনিয়মিত স্নাতক ছাত্রছাত্রীদের পরীক্ষা দেয়ার ব্যবস্থা বন্ধ হয়ে গেলে জেলার অনিয়মিত ছাত্রছাত্রীদের অন্য জেলায় গিয়ে পরীক্ষা দিতে হচ্ছে।

জানা যায়, ১২/২/২০০২-এ এক পারবে
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা টাকার

মহাপরিচালকের পক্ষে সহকারী পরিচালক (কলেজ-২) সইকৃত চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ বরাবর পত্রের বলা হয় কলেজের পদ সৃষ্টিসহ ১৪টি অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তনের জন্য বিষয়ভিত্তিক সূত্র পদ এবং কর্মরত শিক্ষকদের পদবিন্যাস করে তালিকা প্রেরণের অনুরোধ করা হয়। ৬ই মার্চ খুলনা বিভাগের ৭টি জেলার প্রশাসনিক কর্মসূচী ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এসএসটি-পরীক্ষার প্রাক্কালে খুলনা বিভাগীয় মেটিডেশন সভায় শিক্ষা প্রতিমন্ত্রী আনন্দের এইস্থানল হক মিলন চুয়াডাঙ্গা সরকারি কলেজে অনার্স কোর্স চালুর প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে জানান। এ সভা চুয়াডাঙ্গা সরকারি কলেজে ক্যাম্পাস অনুষ্ঠিত হয়।